দৈনিক ইনকিলাব

তারিখ 30 AUG 1987
পৃষ্ঠা 1 কলাম 3

C44

# সেপ্টেম্বরের শেষ সপ্তাহে ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার জন্য সিন্ডিকেটের সুপারিশ

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট গতকাল অনুষ্ঠিত এক সভায় আগামী মাসের শেষ সপ্তাহের মধ্যে বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে, প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সুপারিশ করে।

সভার সভাপতি ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান সভায় কি অবস্থার

৫এর কঃ দেখুন

## সিন্ডিকেট

প্রথম পৃষ্ঠার পর

প্রেক্ষিতে ১৫ জুলাই বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষিত হয়েছিল তা পুনর্বার সিন্ডিকেট সদস্যদের অবহিত করেন। তিনি বলেন, বিভিন্ন ছাত্র সংগঠন বিশ্ববিদ্যালয় খোলার দাবীর সাথে সাথে যেসব কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়েছিল তা খোলার পূর্বেই নিরসনেরও দাবী জানাচ্ছে।

সিন্ডিকেটের এ সভায় বলা হয়, বিশ্ববিদ্যালয় খোলার আগে বিশ্ববিদ্যালয়কে অস্ত্রমুক্ত করা এবং গত ১৪ ও ১৫ জুলাই যে ঘটনা ঘটে গেছে তার যেন পুনরাবৃত্তি না ঘটে তা নিশ্চিত করতে হবে। সভায় আরো বলা হয়, বিশ্ববিদ্যালয়কে অস্ত্রমুক্ত করার জন্য অতীতেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যথাসাধ্য চেষ্টা করেছে, এখনো করছে। কিন্তু প্রশাসনের কাছে এককভাবে এ দায়িত্ব পালন করার মতো ক্ষমতা নেই। গত ১৪ ও ১৫ জুলাইয়ের ঘটনা বিষয়টিকে আরো উন্মোচিত করে দিয়েছে।

সভায় দুঃখ প্রকাশ করে বলা হয়, গত ১৫ জুলাইয়ের মর্মান্তিক হত্যাকাণ্ডের এক মাস পরও আইন প্রয়োগকারী সংস্থাসমূহ প্রকৃত ঘটনা উন্মোচন, অপরাধীদের